


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র জেল সুপারের কার্যালয়, কেন্দ্রীয় কারাগার, ময়মনসিংহ।
www.prison.mymensingh.gov.bd

পত্র নং- ৫৮.০৪.৬১০০.০৯৫.০৩.০৪৮.২২- ২১৩৫

তারিখঃ ২৪.০৫.২০২২ খ্রিঃ।

কাজে যোগদানের চূড়ান্ত নোটিশ

যেহেতু, আপনি মোঃ মনিরুজ্জামান, কারারক্ষি, নং- ১৪৩৫৩, পিতা- মোল্লা সোহরাব আলী, মাতা- মোছাঃ রাবিয়া খাতুন, সাং- গোয়াতলা, ডাক- তালদিঘী, থানা- তারাকান্দা, জেলা-ময়মনসিংহ। আপনি কারারক্ষি নং-১৪৩৫৩ মোঃ মনিরুজ্জামান গত ০২.০৪.২০২১ খ্রিঃ হতে বরাতোক্ত আদেশমূলে মোট ০৫(পাঁচ) দিন নৈমিত্তিক ছুটিতে কর্মস্থল ত্যাগ করেন। সে মোতাবেক গত ০৭.০৪.২০২১ খ্রিঃ পূর্বাঙ্কে কাজে যোগদানের তারিখ নির্ধারিত থাকলেও অদ্যাবধি আপনি কর্তৃপক্ষকে না জানিয়ে অনুপস্থিত রয়েছেন। তৎপক্ষে গত ২৯.০৪.২০২১, ০৯.০৫.২০২১, ২৩.০৫.২০২১ ও ০২.০৬.২০২১ তারিখে পত্র প্রেরণ করে আপনাকে কাজে যোগদানের নির্দেশ প্রদান করা হলেও আপনি কর্মস্থলে যোগদান না করে অনুপস্থিত রয়েছেন। সর্বশেষ তারাকান্দা থানার একটি প্রতিনিধিদল এএসআই(নিঃ) মোঃ শাহ কামাল হোসেন এর নেতৃত্বে আপনার ঠিকানায় উপস্থিত হয়ে চাকরীতে যোগদান না করার বিষয়ে জানতে চাইলে আপনি চাকরীতে যোগদান করবেন না বলে প্রতিনিধি দলকে অবহিত করেন এবং এ বিষয়ে সংশ্লিষ্ট থানায় একটি সাধারণ ডায়েরী রঞ্জু করে এ দপ্তরকে অবহিত করা হয়েছে। অতএব এ নোটিশ জারির ১০(দশ) কর্ম দিবসের মধ্যে কর্তব্যস্থলে উপস্থিত হয়ে কাজে যোগদানের জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো। অন্যথায় আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।



জাহানারা বেগম

বিজে-০১৭৯১০০০৪৯৩

সিনিয়র জেল সুপার

কেন্দ্রীয় কারাগার, ময়মনসিংহ।

srjailsupermymensing@gmail.com

